

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭০৬

১/ বিবিধ

আরবী

كان إذا سمع المؤذن قال: (حي على الفلاح) قال: اللهم اجعلنا مفلحين
موضوع

رواه ابن السني في " عمل اليوم والليلة " (رقم 90) عن أبي داود سليمان بن سيف:
حدثنا عبد الله بن واقد عن نصر بن طريف عن عاصم بن بهدلة عن أبي صالح عن
معاوية بن أبي سفيان مرفوعاً
قلت: وهذا إسناد موضوع، أفته نصر بن طريف، قال النسائي وغيره: " متروك
الحديث

وقال يحيى بن معين: " من المعروفين بوضع الحديث ". وقال الفلاس: " وممن أجمع
عليه أهل العلم أنه لا يروى عنهم قوم منهم نصر هذا
وعبد الله بن واقد هو الحراني، وهو ضعيف جداً، قال البخاري: " تركوه منكر الحديث
". وقال في موضع آخر: " سكتوا عنه ". وقال النسائي: " ليس بثقة ". وضعفه
الجريري جداً

وسليمان بن سيف (وفي الأصل: يوسف خطأ) هو الحراني ثقة، فالآفة ممن فوقه. ومن
عجائب السيوطي أنه أورد الحديث برواية ابن السني هذه في " الدرر المنتثرة " (ص
86) وسكت عليه مع أنه ألفه لأجل " بيان حال الأحاديث التي اشتهرت على السنة
العامة ومن ضاهاهم من الفقهاء الذين لا علم لهم بالحديث "! وأسوأ من ذلك أنه أورده
في " الجامع الصغير من حديث البشير النذير

বাংলা

৭০৬। তিনি যখন মুয়াযযিনকে বলতে শুনতেনঃ কল্যাণের দিকে আস, তখন তিনি এই দোআ বলতেনঃ হে আল্লাহ আমাদেরকে মুক্তিপ্রাপ্তদের দলে অন্তর্ভুক্ত কর।

হাদীছটি জাল।

এটি ইবনুস সুন্নী "আমলুল ইয়াউম ওয়াল লাইলাহ" (নং ৯০) গ্রন্থে আবু দাউদ সুলায়মান ইবনু সায়েফ হতে তিনি আব্দুল্লাহ ইবনু ওয়াকেদ হতে তিনি নাসর ইবনু তুরায়েফ হতে তিনি আসেম হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। তার সমস্যা হচ্ছে নাসর ইবনু তুরায়েফ। তার সম্পর্কে নাসাঈ ও অন্য বিদ্বানগণ বলেনঃ তিনি মাতরুকুল হাদীছ।

ইয়াহইয়া ইবনু মাঈন বলেনঃ তিনি পরিচিত হাদীছ জালকারীদের অন্তর্ভুক্ত।

আল-ফাঙ্লাস বলেনঃ আহলে ইলমরা যাদের হাদীছ বর্ণনা না করার বিষয়ে একমত হয়েছেন, তিনি তাদের একজন।

আরেক বর্ণনাকারী আব্দুল্লাহ ইবনু ওয়াকেদ আল-হাররানী হচ্ছেন নিতান্তই দুর্বল। ইমাম বুখারী তার সম্পর্কে বলেনঃ মুহাদ্দিসগণ তাকে পরিত্যাগ করেছেন, তিনি মুনকারুল হাদীছ। তিনি অন্যত্র বলেনঃ সাকাতু আনছ। (এ শব্দ দ্বারা তিনি কী বুঝিয়েছেন তার বিবরণ ৪৫৮ নং হাদীছে আলোচনা করা হয়েছে)। নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। আল-জারীরী তাকে খুবই দুর্বল আখ্যা দিয়েছেন।

আশ্চর্যের ব্যাপার এই যে, সুয়ুতী "আদ-দূরারল মুনতাসিরাহ" (পৃঃ ৮৬) গ্রন্থে ইবনুস সুন্নীর বর্ণনা হতে উল্লেখ করে চুপ থেকেছেন। অথচ এ কিতাবের উদ্দেশ্য হচ্ছে হাদীছের অবস্থার বিবরণ দেয়া।

আরো আশ্চর্য হতে হয় "আল-জামেউস সাগীর" গ্রন্থে হাদীছটি উল্লেখ করা দেখে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71585>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন